ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৫৮৩
আগরতলা,৫ জুলাই,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

গত ১৭ জুন, ২০২৫ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় 'মাছলি বাজারের বিকল্প সড়ক সংস্কার দাবি এলাকাবাসীর' শিরোনামে প্রকাশিত সংবাদটি পূর্ত দপ্তরের নজরে এসেছে। এ বিষয়ে দপ্তর থেকে এক স্পষ্টিকরণে জানানো হয়েছে যে, নিকটবর্তী গ্রামগুলির মধ্যে যোগাযোগ ব্যবস্থা সহজতর করার লক্ষ্যে মাছলি বাইপাস সড়কটি প্রাথমিকভাবে গ্রামীণ সড়কের নির্দিষ্ট নিয়ম অনুসারে নির্মিত করা হয়েছিলো। সময়ের সাথে সাথে প্রায় ০.৩৫ কিলোমিটার দীর্ঘ সড়কটি মাছলি বাজারের সময়কালে জাতীয় সড়ক-৮-এর বিকল্প রাস্তা হিসেবেও ব্যবহৃত হতো, ফলে যানবাহনের চাপ বৃদ্ধি পায় এবং রাস্তার ব্যাপক ক্ষতি হয়েছে। ফলে সড়কটির বারবার রক্ষণাবেক্ষণের প্রয়োজন হয়। তবু নিয়মিত রক্ষণাবেক্ষণের ফলে রাস্তাটি এখন যানবাহন চলাচলের উপযোগী রয়েছে। এই সড়কটির ক্রমবর্ধমান গুরুত্ব এবং ভারী যানবাহন চলাচলের কারণে যে সমস্যার সৃষ্টি হয়েছে তা দপ্তরের নজরে এসেছে এবং সমস্যা সমাধানের জন্য জরুরি পদক্ষেপ নিয়েছে। মাছলি বাইপাস সড়কটি স্ট্রেনদেনিং করার লক্ষ্যে ইতিমধ্যেই একটি দরপত্র আহ্বান করা হয়েছে যা প্রক্রিয়াধীন রয়েছে। এই কাজটি চলতি জুলাই মাসের মধ্যেই শুরু হবে বলে আশা করা হচ্ছে। পূর্ত দপ্তর (আর. অ্যান্ড বি.) সড়ক পরিকাঠামোর রক্ষণাবেক্ষণ, নিরাপত্তা এবং রাস্তার দীর্ঘমেয়াদি স্থায়িত্বের জন্য প্রতিশ্রুতিবদ্ধ।

*****